



রূপায়ন গ্রুপের ঋণে দুর্বল ব্যাংকগুলোর ৬০০ কোটি টাকা ঝুঁকিতে



সংগৃহীত ছবি

রূপায়ন হাউজিংয়ের কারণে দেশের দুর্বল ৬ ব্যাংক এখন বড় আর্থিক ঝুঁকির মুখে। কোম্পানিটি নিজের সব ঋণ তলব করে ব্যাংকগুলোতে স্থাপন করায় মোট ৬০০ কোটি টাকা সরাসরি খেলাপি ঋণের ঝুঁকিতে পড়েছে। খেলাপি ঋণ ১,৫০০ কোটি এবং শ্রেণিকৃত ঋণ ১,৬৫০ কোটি টাকা, যার ফলে কোম্পানির মোট ঋণ দাঁড়িয়েছে ৪,১১১ কোটি টাকায়।

দুর্বল ব্যাংকগুলোর মধ্যে অগ্রণী ব্যাংকের ৮৭ কোটি, আইএফআইসি ব্যাংকের ৭৩ কোটি, ইউসিবি ব্যাংকের ৪৭ কোটি, ঢাকা ব্যাংকের ১৫৩ কোটি, এনআরবি ব্যাংকের ১৭০ কোটি এবং আল-আরাফা ব্যাংকের ১৩২ কোটি টাকা এখন রূপায়ন হাউজিংয়ের খেলাপি ঋণের পেছনে আটকে আছে।

কোম্পানির ঋণের কারণে সরাসরি ব্যাংকগুলোর আর্থিক স্থিতিশীলতাকে বিপর্যয়ের মুখে ফেলে দিয়েছে।

LENS ASIA